ইত্তেফাক

তারিখ ১৮।১।৮১

পৃষ্ঠা ১ কলাম ৪

044

কক্সবাজারে প্রেসিডেন্ট

## স্বেচ্ছাশ্রমে জনগণের অংশগ্রহণের প্রশংসা

মহেশখালি ( কক্সবাজার ), ১৭ই জানুয়ারী (বাসস)—প্রেসিডেন্ট জিয়াউর রহমান আজ চকোরিয়া থানাধীন বাগুজারা বেড়ী বাঁধ পরিদর্শন এবং মহেশখালিতে মুদিছড়া-চেইংছড়ি খাল আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করেন।

প্রেসিডেন্ট জিয়াউর রহমান এই দুইটি স্থানে জনসমাবেশে ভাষণ দেন এবং স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে কাজ করার জন্য স্থানীয় জনগণের প্রশংসা করেন। ইহার পূর্বে প্রেসিডেন্ট কুতুবদিয়ায় এক সিরাতুন্নবী সম্মেলনে বলেন যে, ইসলাম শান্তির ধর্ম এবং মানবজাতির পরিপূর্ণ জীবন দর্শন। তিনি সমবেত ধর্মপ্রাণ জনগণকে জীবনের সর্বক্ষেত্রে ইসলামের আদর্শ অনুসরণের আহ্বান জানান।

প্রেসিডেন্ট জিয়া পরে টেকনাফে বিএনপি কক্সবাজার রাজনৈতিক জেলার কৃষক সংগঠনের এক সভায় ভাষণ দেন। প্রেসিডেন্ট আজ রাত্রে টেকনাফ অবস্থান করিতেছেন। তাঁহার সঙ্গে রহিয়াছেন বিএনপি সেক্রেটারী জেনারেল জনাব বদরুদ্দোজা চৌধুরী ও ডেপুটি স্পীকার জনাব সুলতান আহমদ চৌধুরী।